# B.A. 2nd Semester Examination, 2024

## Sub. : Bengali (SEC)

## Paper Code : SEC0201703

## Paper Title : বাংলা ভাষা ও সাহিত্য-পাঠ পদ্ধতি ও সাহিত্যের রূপান্তর

Total Marks : 45 Time : 2 hr.

*The figures in the margin indicate full marks for the questions.*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও- ১×৫=৫

(ক) গদ্য পাঠ পড়বার (শিক্ষাদানের) লক্ষ্য কী ?

(খ) নাটক লেখার একটি উপাদান উল্লেখ করো।

(গ) 'রক্তকরবী' কত সালে প্রকাশিত হয়েছিল ?

(ঘ) চলচ্চিত্রে অন্য যে শিল্পগুলোর লক্ষণ আছে তাদের একটির নাম উল্লেখ করো।

(ঙ) আলোচনা চক্র আয়োজন করতে হলে প্রথমত কোন জিনিসটি দরকার?

২। যে-কোনো পাঁচটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও - ২×৫=১০

(ক) সাহিত্যের তুলনামূলক পাঠ কীরূপ?

(খ) কর্মশালা আয়োজনের দুটি উদ্দেশ্য উল্লেখ করো।

(গ) 'মহেশ' গল্পের দুটি চরিত্রের উল্লেখ করো।

(ঘ) গল্পকে নাটকে রূপান্তর করতে হলে কী করতে হয়? এমন দুটি বিষয় উল্লেখ করো।

(ঙ) 'রূপসী বাংলা' কী জাতীয় গ্রন্থ? এর লেখক কে?

(Turn Over)

(চ) 'পদ্মানদীর মাঝি' বইটি কার লেখা? এই বইয়ের একটি প্রধান চরিত্রের নাম বলো।

(ছ) কোন দুটি বিষয়ে চলচ্চিত্র অন্য শিল্প থেকে আলাদা?

(জ) চলচ্চিত্র তৈরির উল্লেখযোগ্য কাজের দুটি ভাগ কী কী?

(ঝ) চিত্রনাট্য কী?

(ঞ) 'পল্লীসমাজ' উপন্যাসটি কার লেখা? এটি কত সালে প্রকাশিত হয়েছিল?

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও- ৫×৪=২০

(ক) অনুষ্ঠান পরিচালনার পদ্ধতি আলোচনা করো।

(খ) পদ্য পাঠ করার নিয়মগুলো আলোচনা করো।

(গ) 'মহেশ' গল্পের নীচের অংশটির নাট্যরূপ দাও, অর্থাৎ নাটক আকারে পরিবেশন করো। তাতে স্থান, কাল, দৃশ্য, চরিত্র, সংলাপ যথাযথ ভাবে লিখবে।

*"গ্রামের নাম কাশীপুর। গ্রাম ছোট, জমিদার আরও ছোট, তবু, দাপটে তাঁর প্রজারা টুঁ শব্দটি করতে পারে না- এমনই প্রতাপ।*

*ছোট ছেলের জন্মতিথি পূজা। পূজা সারিয়া তর্করত্ন দ্বিপ্রহরে বেলায় বাটী ফিরিতেছিলেন। বৈশাখ শেষ হইয়া আসে, কিন্তু মেঘের ছায়াটুকু কোথাও নাই, অনাবৃষ্টির আকাশ হইতে যেন আগুন ঝরিয়া পড়িতেছে। সম্মুখের দিগন্তজোড়া মাঠখানা জ্বলিয়া পুড়িয়া ফুটিফাটা হইয়া আছে, আর সেই লক্ষ ফাটল দিয়া ধরিত্রীর বুকের রক্ত নিরন্তর ধুঁয়া হইয়া উড়িয়া যাইতেছে। অগ্নিশিখার মত তাহাদের সর্পিল ঊর্ধ্বগতির প্রতি চাহিয়া থাকিলে মাথা*



*ঝিমঝিম করে—যেন নেশা লাগে।*

*ইহারই সীমানায় পথের ধারে গফুর জোলার বাড়ি। তাহার মাটির প্রাচীর পড়িয়া গিয়া প্রাঙ্গণ আসিয়া পথে মিশিয়াছে এবং অন্তঃপুরের লজ্জাসম্ভ্রম পথিকের করুণায় আত্মসমর্পণ করিয়া নিশ্চিন্ত হইয়াছে।*

*পথের ধারে একটা পিটালি গাছের ছায়ায় দাঁড়াইয়া তর্করত্ন উচ্চকণ্ঠে ডাক দিলেন, ওরে, ও গফ্‌রা, বলি, ঘরে আছিস?"*

(ঘ) 'তারিণী মাঝি' গল্পের চরিত্র ও পরিবেশের বিবরণ দাও।

(ঙ) 'রক্তকরবী' নাটকটির পরিচয় সংক্ষেপে লেখো।

(চ) 'রূপসী বাংলা' গ্রন্থের বিষয়বস্তু আলোচনা করো।

(ছ) চলচ্চিত্র কাকে বলে? এর উপাদানগুলি আলোচনা করো।

(জ) চলচ্চিত্রের আবহসংগীত কেন প্রয়োজন তা লেখো।

৪। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও। ১০×১=১০

(ক) একটি কর্মশালা পরিচালনার পুঙ্খানুপুঙ্খ বিবরণ দাও।

(খ) গল্পকে কীভাবে নাটকে রূপ দিতে হয় তা আলোচনা করো।

(গ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসটির একটি আলোচনা প্রস্তুত করো।

(ঘ) চলচ্চিত্রের আঙ্গিক ও ভাষা সম্পর্কে যা জান লেখো।

--০০--